

তারিখ : ০৬/০৭/২০২৩ খ্রি.

এইচএসসি পরীক্ষা ২০২৩ সালের ফরমপূরণের বিজ্ঞপ্তি

আযম খান সরকারি কয়ার্স কলেজ, খুলনার ২০২৩ সালের এইচ এস সি (নিয়মিত, অনিয়মিত, এক/দুই বিষয়ে অকৃতকার্য ও জিপিএ উন্নয়ন) পরীক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, আগামী ১২/০৭/২০২৩ ও ১৩/০৭/২০২৩ তারিখের মধ্যে বোর্ড ফি, কেন্দ্র ফি ও প্রতিষ্ঠানের পাওনাসহ সর্বমোট ফি পরিশোধের মাধ্যমে ফরমপূরণ কার্যক্রম সম্পন্ন করতে হবে।

ফরমপূরণের নিয়মাবলী :

কলেজ ওয়েবসাইট থেকে আবেদন ফরম সংগ্রহ করে তা পূরণপূর্বক ফরমে উল্লেখিত কাগজপত্রসহ পরীক্ষা ফিস ১৩/০৭/২০২৩ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে কলেজ ক্যাশ কাউন্টারে জমা দিতে হবে।

পরীক্ষার ফিসঃ নিয়মিত শিক্ষার্থীদের জন্য ২১৭০/- ।

- ২০২১-২০২২ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী দ্বাদশ শ্রেণিতে ভর্তি হয়নি তাদের ফরম পূরণের মোট (২১৭০+২৬০৫)= ৪৭৭৫/- (চার হাজার সাতশত পঁচাত্তর টাকা) লাগবে।

অনিয়মিত পরীক্ষার্থীঃ যে সকল পরীক্ষার্থী ২০২১ ও ২০২২ সালের এইচএসসি পরীক্ষায় অকৃতকার্য/অনুপস্থিত হয়েছিল, রেজিস্ট্রেশন মেয়াদ থাকলে তারা ২০২৩ সালে অনুষ্ঠিতব্য এইচএসসি পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

- অনিয়মিত শিক্ষার্থীদের নির্ধারিত ফি এর সাথে অতিরিক্ত ১০০/- টাকা জমা দিতে হবে।

বিশেষ পরীক্ষার্থী (এক/দুই) বিষয় : যে সকল পরীক্ষার্থী ২০২২ সালের এইচএসসি পরীক্ষায় এক/দুই বিষয়ে (৪র্থ বিষয় বাদে) অকৃতকার্য হয়েছে রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে তারা ২০২৩ সালে এক/দুই বিষয়ের পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে। তবে পরীক্ষার্থীগণ ইচ্ছে করলে এক/দুই বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ না করে ৪র্থ বিষয়সহ সকল বিষয়ের পরীক্ষার জন্য ফরম পূরণ করতে পারবে।


- ১ বিষয় পরীক্ষার্থীদের জন্য ৮৯০/- এবং ২ বিষয় পরীক্ষার্থীদের জন্য ১১১০/- টাকা

জিপিএ উন্নয়নঃ যে সকল পরীক্ষার্থী ২০২২ সালের এইচএসসি পরীক্ষায় জিপিএ ৫.০০ (পাঁচ) এর কম পেয়েছে তারা জিপিএ উন্নয়নের জন্য পরীক্ষায় অংশগ্রহণের জন্য সুযোগ পাবে। তবে এক্ষেত্রে সংশ্লিষ্ট পরীক্ষার্থীকে ২০২৩ সালে এইচএসসি পরীক্ষার নির্ধারিত সকল বিষয়ে পরীক্ষা দিতে হবে। ২০২২ সালের পূর্বের কোন পরীক্ষার্থী জিপিএ উন্নয়নের আবেদন করতে পারবে না।


ফরমপূরণের জন্য প্রয়োজনীয় কাগজপত্র :

১. উচ্চ মাধ্যমিক রেজিস্ট্রেশনের ফটোকপি
২. টাকা জমার রিসিটের ফটোকপি
৩. দ্বাদশ শ্রেণিতে ভর্তির ব্যাংক রশিদ/বেতন বহির কপি

বিঃদ্রঃ নির্ধারিত সময়ের মধ্যে কোন পরীক্ষার্থী ফি পরিশোধ করতে ব্যর্থ হলে তার ফরম পূরণ সম্পন্ন হয়নি বলে গণ্য হবে।


প্রফেসর কামাল চন্দ্র মন্ডল (৬০৬৪)

অধ্যক্ষ
আযম খান সরকারি কয়ার্স কলেজ

খুলনা। 
০৬/০৭/২৩